



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৮৩২২

তারিখ: ০৯ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জামেয়া অদুদিয়া ছুন্নিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: হাটহাজারী, উপজেলা: হাটহাজারী, জেলা: চট্টগ্রাম-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৮.০৩.২০১৯ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রি. তারিখ থেকে ২৬.০৪.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

- শূন্যপদে অধ্যক্ষ, প্রভাষক (আরবি), সহকারী শিক্ষক ও অফিস সহকারী পদে নিয়োগের ব্যবস্থা করতঃ উপাধ্যক্ষ নিয়োগের বিষয়টি বিধি অনুযায়ী নিষ্পত্তি পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- মাদরাসার নামে যেসকল জমির নামজারী নেই সেসব জমির নামজারী করতে হবে।
- আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে মাদরাসার নামের সকল জমির খাজনা পরিশোধ করতে হবে।
- ছাত্র-ছাত্রীদের নিকট থেকে পরীক্ষার ফরম পূরণ বাবদ আদায়কৃত টাকার রশিদ প্রদান করতে হবে এবং ক্যাশ কলামনার বইতে আয়ের খাতে তা সঠিকভাবে উল্লেখ করতে হবে।
- ব্যয় ভাউচারে ক্রেতা-বিক্রেতা এবং অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষরের মাধ্যমে উক্ত ভাউচারের ক্রমিক নাম্বার উল্লেখপূর্বক তা ক্যাশ কলামনার বইতে এন্ট্রিকরতে হবে।
- মাদরাসার আয়-ব্যয় হিসাব অর্থ কমিটির সুপারিশের মাধ্যমে গভর্নিং বডি অনুমোদন নিতে হবে।
- লাইব্রেরিতে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে সুসজ্জিত করতঃ শিক্ষার্থীদের ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে।
- মাস শেষে ক্যাশ-কলামনার বইতে আয়-ব্যয় হিসাব সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ার বিষয়টি গভর্নিং বডিকে নিশ্চিত করতে হবে।
- অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

(Signature) 24.08.2020

(ড. জাভেদ আহমাদ)

সহ. পরিদর্শক (অতি. দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

জামেয়া অদুদিয়া ছুন্নিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: হাটহাজারী, উপজেলা: হাটহাজারী, জেলা: চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৮৩২২

তারিখ: ০৯ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি জামেয়া অদুদিয়া ছুন্নিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: হাটহাজারী, উপজেলা: হাটহাজারী, জেলা: চট্টগ্রাম।
- ৭। অফিস নথি।

(Signature) 24.08.2020

(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৯৭০-৮৭৭৮৭৮

অধি/নবায়ন/ফাইল নং-চট্ট-২৯৫